



সশস্ত্র বাহিনী কোনো ব্যক্তি বা দলের সম্পদ নয়: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

সশস্ত্র বাহিনীকে রাষ্ট্রের প্রতিষ্ঠান হিসেবে উল্লেখ করে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, এটি কোনো ব্যক্তি, দল বা পরিবারের সম্পদ নয়। তিনি জোর দিয়ে বলেন, পেশাদারিত্বে কোনো ধরনের আপস না করে বাহিনীকে সবসময় উচ্চ নৈতিক ও আদর্শিক অবস্থানে থাকতে হবে।

রোববার (১২ এপ্রিল) ঢাকা সেনানিবাসে আয়োজিত সশস্ত্র বাহিনীর দরবারে বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী অভিযোগ করেন, পিলখানা ট্র্যাজেডির পরবর্তী সময়ে কিছু পদক্ষেপের মাধ্যমে সেনাবাহিনীকে বিতর্কের মধ্যে ফেলার চেষ্টা হয়েছিল। তবে এই হত্যাকাণ্ডের সুষ্ঠু বিচার নিশ্চিত করতে সরকার দৃঢ় অবস্থানে রয়েছে বলে জানান তিনি।

তিনি আরও বলেন, দেশের সশস্ত্র বাহিনী এমন হতে হবে, যাদের প্রতি বিদেশি শক্তি সম্মান প্রদর্শন করবে এবং দেশের মানুষ রাখবে পূর্ণ আস্থা। রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সময় সশস্ত্র বাহিনীর প্রতিটি স্তরে যে দেশপ্রেমের চেতনা জাগ্রত হয়েছিল, তা ধরে রাখার ওপরও গুরুত্ব দেন তিনি।

জুলাই আন্দোলনে সশস্ত্র বাহিনীর ভূমিকা জনগণের মধ্যে ইতিবাচক বার্তা দিয়েছে বলেও উল্লেখ করেন প্রধানমন্ত্রী। তার মতে, বাহিনী ঐক্যবদ্ধ ও শক্তিশালী থাকলে বাংলাদেশের সার্বভৌমত্ব কোনোভাবেই হুমকির মুখে পড়বে না।

তিনি জানান, বর্তমান সরকার সশস্ত্র বাহিনীকে আরও আধুনিক ও সক্ষম করে গড়ে তুলতে কাজ করছে এবং জুলাই সনদের প্রতিটি ধারা বাস্তবায়নে প্রতিশ্রুতিবদ্ধ। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ সেনাবাহিনীর সাফল্যের কথাও তুলে ধরেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করাই সশস্ত্র বাহিনীর প্রধান ও পবিত্র দায়িত্ব।